**প্রফেসর ড. মোঃ আমির হোসেন**
ভাইস চ্যান্সেলর
জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
মেলান্দহ, জামালপুর-২০১২

**Prof. Dr. Md. Amir Hossain**
Vice-Chancellor
Jamalpur Science & Technology University
Melandah, Jamalpur-2012

স্মারক নং: জাবিপ্রবি/ভিসি অফিস/২০২৬/০১/

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

## অভিনন্দন বার্তা

মহামান্য রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ও মাননীয় চ্যান্সেলর
জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মহামান্য রাষ্ট্রপতি,

আসসালামু আলাইকুম। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ২৩তম মহামান্য রাষ্ট্রপতি এবং অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর হিসেবে নির্বাচিত হওয়ায় জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পক্ষ থেকে আপনাকে জানাই গভীর শ্রদ্ধা, উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা।

আপনার জীবন প্রকৃত অর্থেই অনুপ্রেরণার উৎস। ১৯৭২ সালে ঢাকা কলেজে শিক্ষক (বিসিএস শিক্ষা ক্যাডারভুক্ত) হিসেবে কর্মজীবন শুরু করে সর্বশেষ ঠাকুরগাঁও সরকারি কলেজে অধ্যাপক হিসেবে কর্মজীবন শেষ করেন। তাছাড়া পৌরসভার চেয়ারম্যান, সংসদ সদস্য এবং সরকারের সফল মন্ত্রী ও দলের মহাসচিব হিসেবে আপনার আপসহীন পথচলা এ দেশের ইতিহাসে এক অনন্য দৃষ্টান্ত হয়ে আছে। তৃণমূল থেকে উঠে আসা আপনার এই বর্ণাঢ্য কর্মজীবন ও রাজনৈতিক প্রজ্ঞা নতুন প্রজন্মের জন্য অনুকরণীয় ও শিক্ষণীয়।

আপনার রাজনৈতিক জীবন ত্যাগ, আপসহীনতা ও দীর্ঘ সংগ্রামের এক উজ্জ্বল দৃষ্টান্ত। ছাত্রজীবনে রাজনীতির সঙ্গে যুক্ত হয়ে ধাপে ধাপে জাতীয়তাবাদী রাজনীতির একজন শীর্ষ নেতৃত্বে পরিণত হয়েছেন। ঠাকুরগাঁও-১ আসন থেকে একাধিকবার সংসদ সদস্য নির্বাচিত হয়ে জনপ্রতিনিধিত্বের গুরুদায়িত্ব পালন করেছেন। ২০১৬ সাল থেকে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির মহাসচিব হিসেবে আপনি দলকে সাংগঠনিকভাবে সুসংহত রাখা ও কঠিন রাজনৈতিক প্রতিকূলতার মধ্যেও গণতান্ত্রিক আন্দোলনকে সঠিক দিক-নির্দেশনা দেওয়ার ক্ষেত্রে অসামান্য ভূমিকা রেখেছেন। দেশের গণতান্ত্রিক উত্তরণ ও সুশাসন প্রতিষ্ঠার সংগ্রামে আপনার এই দীর্ঘ ও ত্যাগী পথচলা নতুন প্রজন্মের কাছে অনুপ্রেরণার উৎস। আপনার মতো একজন অভিজ্ঞতা সম্পন্ন ও প্রাজ্ঞ রাজনৈতিক ব্যক্তিত্বকে দলের পক্ষ থেকে বাংলাদেশের রাষ্ট্রপতি পদে মনোনয়ন দেওয়ায় বিএনপি চেয়ারম্যান ও মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাই।

আপনার মতো একজন প্রাজ্ঞ শিক্ষাবিদ ও দূরদর্শী নেতাকে দেশের বিশ্ববিদ্যালয়সমূহের অভিভাবক তথা চ্যান্সেলর হিসেবে পেয়ে আমরা গভীরভাবে আনন্দিত ও গর্বিত। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনার সুদূরপ্রসারী দিক-নির্দেশনা ও প্রাজ্ঞ নেতৃত্ব এ দেশের উচ্চশিক্ষা, গবেষণা ও মুক্তবুদ্ধি চর্চাকে এক নতুন উচ্চতায় নিয়ে যাবে।

আমি মহান আল্লাহর দরবারে আপনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি এবং এই মহান সাংবিধানিক দায়িত্ব পালনে আপনার পূর্ণ সাফল্য প্রার্থনা করছি। একই সঙ্গে আপনার গতিশীল নেতৃত্বে দেশের উচ্চশিক্ষা অঙ্গন আরও সমৃদ্ধ হোক—এই প্রত্যাশা ব্যক্ত করছি।

শ্রদ্ধান্তে,

আন্তরিকভাবে আপনার একান্ত বিশ্বস্ত,

(প্রফেসর ড. মোঃ আমির হোসেন)
ভাইস চ্যান্সেলর
জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
মেলান্দহ, জামালপুর-২০১২, বাংলাদেশ

মেলান্দহ, জামালপুর-২০১২, বাংলাদেশ
+৮৮০২-২২৩৩৭৭৫০১
vc@jstu.ac.bd
www.jstu.ac.bd
Melandah,Jamalpur-2012, Bangladesh
+8802-223377501